

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বার্ষিক প্রতিবেদন

২০১৭-১৮

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

www.dpp.gov.bd

প্রকাশকাল :

অক্টোবর ২০১৮

প্রকাশক :

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।

নির্দেশনায় :

এ. এফ. আমিন চৌধুরী

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

সম্পাদনায় :

মুহাম্মাদ আল-আমীন

(অতিরিক্ত সচিব)

পরিচালক

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

সহযোগিতায় :

আবু ফাহাদ মোঃ সোহাগ

সহকারী পরিচালক (প্রশাসন-১)

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

মোঃ মোস্তাফিজুর রহমান

ম্যানেজার (প্রশাসন)

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

এ. কে. এম. আজাদ

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস

প্রচ্ছদ :

মোঃ আসাদুজ্জামান

উপপরিচালক

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস

মুদ্রণ :

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮।

স্বত্ব :

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর।



ফয়েজ আহম্মদ
সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

আধুনিক সভ্যতার অগ্রযাত্রায় মুদ্রণ ও প্রকাশনার গুরুত্ব অনস্বীকার্য। মানব সভ্যতার সুতিকাগার বলা হয় মুদ্রণ ব্যবস্থাকে। পঞ্চদশ শতাব্দীতে মুদ্রণযন্ত্র আবিষ্কার হওয়ার পর থেকে অদ্যবধি সারাবিশ্বে শোষণমুক্ত আধুনিক সমাজ বিনির্মাণে মুদ্রণ ও প্রকাশনা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

তথ্যপ্রাপ্তির অধিকার সকল নাগরিকের অন্যতম মৌলিক অধিকার। কল্যাণমূলক রাষ্ট্র বিনির্মাণে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ নিয়ামক যার জন্য তথ্যের সংরক্ষণ এবং তথ্যের অবাধ প্রবাহ আবশ্যিকীয়। এই লক্ষ্যকে সামনে রেখে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর ২০১৭-১৮ অর্থ বছরের সম্পাদিত কার্যাবলী, অনুবিভাগসমূহের কার্যক্রম এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা ইত্যাদি তথ্যাদি বার্ষিক প্রতিবেদন আকারে প্রকাশিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

আধুনিক যন্ত্রপাতির ক্রয় ও ব্যবহারের মাধ্যমে আমাদের মুদ্রণ ও প্রকাশনা ব্যবস্থায় এক গতির সঞ্চারণ হয়েছে যেটি প্রতিটি ক্ষেত্রে ভাষা ও জ্ঞানের সম্প্রসারণে নব দিগন্তের উন্মেষ ঘটিয়েছে। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিত্যকর্ম পরিচালনায় ব্যবহার্য অত্যাবশ্যিকীয় ফরমসহ মুদ্রণ সংশ্লিষ্ট যাবতীয় কার্যাদি সম্পাদন এবং সরকারি অফিসসমূহে স্টেশনারী সামগ্রী সরবরাহে এবং জনগুরুত্বপূর্ণ এবং গোপনীয় মুদ্রণ সংক্রান্ত কাজ করে আসছে।

মুদ্রণ ও প্রকাশনা শিক্ষা ও সভ্যতা বিকাশের মৌলিক বিষয়। আধুনিক সভ্যতায় মুদ্রণ ব্যবস্থা নতুন এক মাত্রা বহন করে চলেছে। বাংলাদেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এই বিষয়ে উচ্চতর অধ্যয়নের সুযোগ সৃষ্টি হওয়ার কারণে মেধাবী, সৎ, দক্ষ ও সৃজনশীল মানুষের সন্ধান পাওয়া যাবে যাদের হাত দিয়ে বর্তমান সরকার ২০৪১ সালের উন্নত বিশ্বের যে রূপকল্প তৈরি করেছে তার দ্বারপ্রান্তে পৌঁছানো সহজ হবে।

আমি মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ২০১৭-২০১৮ প্রকাশনার সাফল্য কামনা করি।

ফয়েজ আহম্মদ
সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়



মহাপরিচালক
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
জনপ্রশাসন মন্ত্রণালয়

বাণী

সঠিক কর্মপরিকল্পনা, দক্ষ ব্যবস্থাপনা, অত্যাধুনিক প্রযুক্তি প্রয়োগ ও মানব সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে মুদ্রণ ও প্রকাশনা কার্যক্রমকে বিশ্বমানে উন্নীতকরণসহ গ্রাহক সেবার মান নিশ্চিত করার লক্ষ্য নিয়েই মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের পথ চলা।

বর্তমান বিশ্ব ব্যবস্থায় তথ্য সংরক্ষণ ও তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করা খুবই গুরুত্বপূর্ণ। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ২০১৭-২০১৮ অর্থবছরের সম্পাদিত কর্মসূচী, অর্জন, অনু বিভাগসমূহের কার্যক্রম এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনার কার্যক্রম নিয়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। প্রত্যাশা রাখি এ প্রকাশনায় সর্বশেষ তথ্য সম্বলিত চিত্র দেশের উন্নয়ন অগ্রযাত্রায় ইতিবাচক প্রভাব ফেলবে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনস্থ KPI-ভুক্ত প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠালগ্ন থেকেই এ অধিদপ্তর সরকারের গেজেট ও গোপনীয় বিষয়সহ সকল গুরুত্বপূর্ণ মুদ্রণ, লেখাসামগ্রী ও ফরম প্রস্তুত ও প্রকাশনার দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করে আসছে। তাছাড়া সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের জন্য কেন্দ্রীয়ভাবে স্টেশনারী দ্রব্য ক্রয় এবং সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

অধিদপ্তরের গঠন ও কার্যাবলী সম্বলিত ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক এই প্রতিবেদনটি মুদ্রণ ও প্রকাশনা সম্পর্কে সকলকে সম্যক ধারণা প্রদান করবে এবং ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণের দৃষ্টিকোণ থেকে এক তথ্য ভাণ্ডার হিসেবে কাজ করবে। স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় পঞ্চমবারের মত প্রকাশিত এই বার্ষিক প্রতিবেদন সহায়ক ভূমিকা পালন করবে। এ প্রকাশনা একদিকে যেমন অধিদপ্তর সম্পর্কে একটি স্পষ্ট ধারণা দিবে, অপরদিকে প্রতিষ্ঠানের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় সহায়ক ভূমিকা পালন করবে।

আমি মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ২০১৭-২০১৮ প্রকাশকে স্বাগত জানাচ্ছি এবং উক্ত কার্যালয়ের কার্যক্রমের উত্তরোত্তর সাফল্য কামনা করি।

(এ. এফ. আমিন চৌধুরী)
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)



পরিচালক
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
জনপ্রশাসন মন্ত্রণালয়

সম্পাদকীয়

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরাধীন প্রেসসমূহের মাধ্যমে সরকারি জন-গুরুত্বপূর্ণ মুদ্রণ কাজ সম্পাদন ছাড়াও আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী মুদ্রণ বিষয়ক যাবতীয় কর্মকাণ্ডও সম্পাদন করা হয়। পাশাপাশি অধিদপ্তরাধীন অন্য দুটি অফিস বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস এবং বাংলাদেশ স্টেশনারী অফিস মুদ্রিত সামগ্রীসহ সকল সরকারি অফিসের জন্য ফরম ও স্টেশনারী দ্রব্যাদি সংগ্রহ ও সরবরাহের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছে। এ সংক্রান্ত সেবাব্যবস্থাকে আরও সহজ ও কার্যকর করার জন্য অধিদপ্তরের অধীনস্থ সাতটি আঞ্চলিক (ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বগুড়া, বরিশাল, রংপুর ও সিলেট) অফিসও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এবং ময়মনসিংহ আঞ্চলিক অফিস নামে আরেকটি অফিস অতিশীঘ্রই তার কার্যক্রম শুরুর অপেক্ষায়।

সময়ের সাথে মুদ্রণ কৌশলের আধুনিকায়ন হয়েছে। আধুনিক ও মানসম্মত মেশিনারি আমদানী করা হচ্ছে এবং আরো উন্নতমানের মেশিন আনার প্রক্রিয়া চলমান। ফলস্বরূপ মুদ্রণ মান উন্নত হচ্ছে। আমাদের দেশে মুদ্রণ শিল্প বিকাশের সমূহ সম্ভাবনা রয়েছে এবং এই শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সুদূর প্রসারী বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। প্রকাশিত প্রতিবেদনে অধিদপ্তরসহ এর অধীনস্থ প্রেস ও দপ্তরসমূহের বর্ণনা, মিশন ও ভিশন এবং আধুনিকায়নের লক্ষ্যে গৃহীত উদ্যোগসমূহসহ সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরা হয়েছে। এতে অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো, জনবল, বার্ষিক কর্মপরিকল্পনা, নিয়মিত ও বাস্তবায়িত কার্যাবলীর বিবরণসহ প্রেসের যন্ত্রপাতির তথ্যও সন্নিবেশিত করা হয়েছে। উল্লেখ্য, তথ্য অধিকার আইন ২০০৯ এর বাধ্যবাধকতা ছাড়াও সম্পাদিত কর্মকাণ্ডের মূল্যায়ন ও জবাবদিহি নিশ্চিতকরণে বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ জরুরি।

প্রতিবেদনটি প্রস্তুতের জন্য গঠিত কমিটির সম্মানিত সদস্যবৃন্দ, অধিদপ্তর ও অধীনস্থ অফিস/প্রেসসমূহের তথ্যাবলী সংগ্রহ ও মুদ্রণের সাথে জড়িত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে নিরলস পরিশ্রমের জন্য আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানাচ্ছি। অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের মূল্যবান পরামর্শ ও দিক-নির্দেশনার জন্য তাঁর প্রতি আমি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আশা করছি যে, প্রতিবেদনটি অধিদপ্তর ও এর অধীনস্থ দপ্তর/প্রেসসমূহের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি, দায়বদ্ধতা সৃষ্টি এবং জবাবদিহি নিশ্চিতকরণে সহায়ক ভূমিকা রাখবে।

প্রতিবেদনটি ত্রুটিমুক্ত রাখতে আন্তরিকতার সাথে চেষ্টা করা হয়েছে। তা সত্ত্বেও কিছু তথ্য ঘাটতি ও মুদ্রণ বিভ্রাট থেকে যাওয়া খুবই স্বাভাবিক। এ বিষয়ে পাঠকবৃন্দের ক্ষমাসুন্দর দৃষ্টি কামনা করছি। পাঠকের সুচিন্তিত মতামত ও পরামর্শ আগামী প্রকাশনাকে আরও সমৃদ্ধ করবে বলে আশা করছি।

(মুহাম্মাদ আল-আমীন)
(অতিরিক্ত সচিব)
পরিচালক ও আহ্বায়ক
বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি

উপক্রমণিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বর্তমান জনপ্রশাসন মন্ত্রণালয়াদীন মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর মুদ্রণ, প্রকাশনা ও স্টেশনারিজ সেবা প্রসারসহ অন্যান্য অর্থনৈতিক কর্মকাণ্ডে দেশের সার্বিক উন্নয়নে ইতিবাচক প্রভাব ফেলে আসছে। উন্নত ও দ্রুত সময়ে প্রকাশনা মানুষের জীবনযাত্রাকে গতিশীল করেছে। ব্রিটিশ শাসনামলে অষ্টাদশ শতাব্দীর মাঝামাঝি থেকে কলকাতার সরকারের মুদ্রণ কাজের জন্য লেটার প্রেসের যাত্রা শুরু হলেও আধুনিকতার ছোঁয়ায় গত শতাব্দীর আশির দশক থেকে অফসেট প্রিন্টিং মেশিনে মুদ্রণের কার্যক্রম চলে আসছে। ব্রিটিশ সরকারের কাজের চাহিদাক্রমে ১৯৪৭ সালে কলকাতা প্রেসের একটি শাখা ঢাকায় স্থাপন করা হয় “বেঙ্গল গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস” নামে যা বর্তমানে বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস) নামে পরিচিত। ভারত-পাকিস্তান স্বাধীনতা লাভের পর পাকিস্তান কেন্দ্রীয় সরকারের প্রেস হিসেবে ১৯৫৬ সালে ঢাকায় গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস নামে একটি প্রেস চালু করে তা বর্তমান স্বাধীন বাংলাদেশ একই নামে প্রেসটি সচল আছে। ঊনবিংশ শতাব্দীর শেষ দিকে আধুনিক প্রযুক্তির ছোঁয়ায় অফসেট প্রিন্টিং মেশিনে মুদ্রণ কাজ শুরু হয়েছে।

১৯৭১ সালের ১৬ ডিসেম্বর স্বাধীনতা লাভের পর মুদ্রণ ও প্রকাশনা কাজের নিয়ন্ত্রণের জন্য সংস্থাপন মন্ত্রণালয়াদীন (বর্তমান জনপ্রশাসন মন্ত্রণালয়) এ প্রতিষ্ঠানটির নাম ছিল “মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা পরিদপ্তর”। কাজের গতিশীলতা ও কাজের পরিধি বিবেচনা করে ২০০৫ সালে এ প্রতিষ্ঠানকে অধিদপ্তরে উন্নীত করন করা হয় এবং ২০১০ সালে মুদ্রণ লেখসামগ্রী ফরম ও প্রকাশনা অধিদপ্তরের নাম সহজীকরণের লক্ষ্যে “মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর” নামে অভিহিত করা হয়।

এ অধিদপ্তর মূলত একটি সেবা প্রদানকারী সংস্থা। কাজের ও সেবার ধরণ অনুযায়ী অধিদপ্তরের কার্যক্রমকে কয়েকটি ইউনিটে বিভক্ত করা হয়েছে। এগুলো হল ১। বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস), ২। গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (জিপিপি), ৩। বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয় (বিএসপিপি), ৪। বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (বিএফপিও), ৫। বাংলাদেশ স্টেশনারী অফিস এবং ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, রংপুর, বগুড়া ও সিলেট বিভাগে ১টি করে মোট ৭টি আঞ্চলিক অফিস। এবং ময়মনসিংহ আঞ্চলিক অফিস নামে আরেকটি অফিস অতিশীঘ্রই তার কার্যক্রম শুরুর অপেক্ষায়।

বর্তমান সরকার প্রেসের সংরক্ষণ, উন্নয়ন ও আধুনিকায়নে অত্যন্ত আন্তরিক। সরকারের লক্ষ্য বাস্তবায়নে এ অধিদপ্তর কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক কার্যক্রম গ্রহণ করেছে। সরকারের প্রকাশনা ও মুদ্রণের মানোন্নয়নে ২০১৭-১৮ অর্থ-বছরে এ অধিদপ্তর কর্তৃক সম্পাদিত কার্যকসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ কার্যসমূহের বর্ণনা এ প্রতিবেদনে বর্ণনা করা হয়েছে।

বর্তমান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রতিশ্রুতি বাস্তবায়ন ও সেবার মান নির্ভরযোগ্য ও সুলভ মূল্যে বৃদ্ধির লক্ষ্যে এ অধিদপ্তর কর্তৃক (দৃশ্যত বা অদৃশ্য) যা যা করণীয় (ডিজিটাল যন্ত্রপাতি ক্রয়, প্রশিক্ষণ, ই-ফাইলিং, অনলাইন রিকুইজিশন সিস্টেম, ফ্যাক্স, ওয়েব সাইট প্রকাশ, এসএমএসর মাধ্যমে মুদ্রিত তথ্য জানানো, অভিযোগ গ্রহণ, মোবাইল নম্বর, ওয়েব ব্লক, ই-মেইল খোলা, ডাকযোগে গ্রহণ, ইনোভেশন টিম গঠন, ইজিপি নিবন্ধন, নিরাপত্তা কার্যক্রম ইত্যাদি) তার প্রায় সবগুলো আধুনিক উন্নত প্রযুক্তির মাধ্যমে প্রেস ও অফিস পর্যায়ের কর্মক্ষেত্রে অনুসরণ করা হয়েছে। এ অধিদপ্তরের আইন শৃঙ্খলা রক্ষা ও কাজের গতিকে ত্বরান্বিত করার জন্য অধিদপ্তরের উপপরিচালকদের নিয়ে প্রতি সপ্তাহের সোমবার মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়ে থাকে। এছাড়া প্রতি মাসে মাসিক সমন্বয় সভা, কোর্ট কেসসমূহের সভা, প্রতি তিন মাস অন্তর অন্তর নৈতিকতা কমিটি সভা হয়ে থাকে। এ প্রক্রিয়া চলমান থাকবে এবং এ অধিদপ্তর দেশকে আরও একধাপ এগিয়ে নিয়ে যাবে মর্মে সবার বিশ্বাস।

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
পরিচিতি	
১. মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর	১৩
২. বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস)	১৪
৩. গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (জিপিপি)	১৫
৪. বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয় (বিএসপিপি)	১৬
৫. বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস	১৭
৬. বাংলাদেশ স্টেশনারী অফিস	১৮
৭. আঞ্চলিক অফিসসমূহ	১৯
৮. সাংগঠনিক কাঠামো	২১
৯. অধিদপ্তরের সিটিজেন চার্টার	২২
১০. অধিদপ্তরের মিশন, ভিশন	২৩
প্রতিবেদন	
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর (প্রধান কার্যালয়)	২৬-৩৭
১. ২০১৭-১৮ অর্থ-বছর সংক্রান্ত কার্যাবলি	২৬
২. ২০১৭-১৮ অর্থ-বছরের গৃহীতব্য কর্মপরিকল্পনা	২৭
৩. ভবিষ্যৎ পরিকল্পনা ও কার্যক্রমের বিবরণ	২৭
৪. জনবলের বিবরণ :- (২০১৭-২০১৮)	২৮
৫. ২০১৭-১৮ অর্থ-বছরের অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণী	২৮
৬. মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয়	২৯
৭. অধিদপ্তরের রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা ও আয়	৩০
৮. বহি মুদ্রণের অনাপত্তির ছাড়পত্র প্রদান (NOC)	৩০
৯. বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০১৭-১৮	৩১
১০. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	৩২
১১. অভিযোগ ব্যবস্থাপনা	৩২
১২. অধিদপ্তরের অফিস/প্রেসসমূহের ভূ-সম্পত্তি	৩৩
১৩. অধিদপ্তরের অফিস/প্রেসের বিল্ডিং ও কোয়ার্টারঃ	৩৪

বিষয়		পৃষ্ঠা
১৪.	অধিদপ্তরের যানবাহনের ব্যবস্থাপনা	৩৫
১৫.	অধিদপ্তরের আইসিটি শাখা	৩৬
১৬.	তথ্য প্রদানকারী এবং অভিযোগ গ্রহণকারী কর্মকর্তা	৩৭
বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজিপ্রেস)		৩৮-৬০
১.	সংক্ষিপ্ত পরিচিতি	৩৮
২.	সাম্প্রতিক অর্জন	৩৮
২.	ভবিষ্যত পরিকল্পনা	৩৮
৩.	২০১৭- ২০১৮ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য প্রশাসনিক কাজসমূহ	৩৯
৪.	২০১৭-২০১৮ অর্থ বছরে উল্লেখযোগ্য উৎপাদনের বিবরণের সাথে ২০১৬-১৭ অর্থ বছরের উৎপাদনের তুলনামূলক বিবরণ	৩৯
৫.	২০১৭-২০১৮ অর্থ -বছরে কর্ম পরিকল্পনা ও অর্জিত সাফল্য	৩৯
৬.	২০১৭-২০১৮ অর্থ -বছরে গোপনীয় শাখায় উৎপাদনের বিবরণ ২০১৬-১৭ অর্থ বছরের সাথে উৎপাদনের তুলনা মূলক বিবরণঃ	৪০
৭.	২০১৮-১৯ অর্থ -বছরের কর্ম পরিকল্পনা	৪০
৮.	২০১৭-২০১৮ অর্থ -বছরে সংগ্রহকৃত যন্ত্রপাতির বিবরণ	৪১
৯.	২০১৭-১৮ প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ কার্যাবলীর বিবরণ	৪২
১০.	২০১৭-১৮ সালে সম্পাদিত মুদ্রণ কাজের বিবরণ	৪২
১১.	২০১৭-১৮ অর্থ-বছরের বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয়	৫৯
১২.	২০১৭-১৮ অর্থ বছরের রাজস্ব সংগ্রহ ও আয়ের বিবরণ	৫৯
১৩.	২০১৭-১৮ অর্থ বছরে অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণী	৫৯
১৪.	অফিসের ভূ সম্পত্তি, কোয়ার্টারের হিসাব	৫৯
১৫.	বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ের অফিস/প্রেস বিল্ডিং ও কোয়ার্টারঃ	৬০
১৬.	শুদ্ধাচার, ইনোভেশনসমূহ কর্মকান্ড	৬০
১৭.	সমাপনী কথাঃ	৬০
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (জিপিপি)		৬১-৭৪
১.	প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা /সাম্প্রতিক উল্লেখযোগ্য অর্জন এবং ভবিষ্যত পরিকল্পনা	৬১
২.	২০১৮-২০১৯ অর্থ-বছরে গভর্নমেন্ট প্রিন্টিং প্রেসের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত মেশিনসমূহ ক্রয় কার্যক্রম চলছে-	৬১

বিষয়		পৃষ্ঠা
৩.	প্রতিষ্ঠানের অনুমোদিত মোট জনবল (১ম শ্রেণী, ২য় শ্রেণী, ৩য় শ্রেণী ও ৪র্থ শ্রেণী)	৬২
৪.	২০১৭-১৮ অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য প্রশাসনিক কাজসমূহ	৬২
৫.	২০১৭-১৮ অর্থ-বছরে উল্লেখযোগ্য উৎপাদনের বিবরণের সাথে ২০১৬ -১৭ অর্থ-বছরের উৎপাদনের তুলনামূলক বিবরণ (লেখচিত্রসহ)	৬২
৬.	২০১৭-১৮ অর্থ-বছরে কর্মপরিকল্পনা ও অর্জিত সাফল্য	৬২
৭.	২০১৮-১৯ অর্থ-বছরের পরিকল্পনা	৬৩
৮.	২০১৭-১৮ অর্থ-বছরে ক্রয়কৃত মেশিনসমূহের তালিকা :	৬৩
৯.	গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস এর গুরুত্বপূর্ণ কার্যাবলীর বিবরণ	৬৪
১০.	২০১৭-২০১৮ সালে সম্পাদিত উল্লেখযোগ্য মুদ্রণ কাজের বিবরণ	৬৫
১১.	২০১৭-১৮ অফিস/প্রেসের বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয়	৭৩
১২.	২০১৭-১৮ অর্থ-বছরের রাজস্ব সংগ্রহ ও আয়ের বিবরণ	৭৩
১৩.	২০১৭-১৮ অর্থ-বছরের অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণী	৭৩
১৪.	অফিসের ভূ-সম্পত্তি, কোয়ার্টারের হিসাব	৭৩
১৫.	শুদ্ধাচার, ইনোভেশনসমূহ	৭৪
১৬.	উপসংহার :	৭৪
বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয় (বিএসপিপি)		৭৫-৮০
১.	সংক্ষিপ্ত পরিচিতিঃ	৭৫
২.	সাম্প্রতিক উল্লেখযোগ্য অর্জনঃ	৭৫
৩.	ভবিষ্যৎ পরিকল্পনাঃ	৭৫
৪.	প্রতিষ্ঠানের অনুমোদিত মোট জনবল (১ম শ্রেণী, ২য় শ্রেণী, ৩য় শ্রেণী ও ৪র্থ শ্রেণী)	৭৫
৫.	২০১৭-১৮ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য প্রশাসনিক কাজসমূহ	৭৬
৬.	২০১৭-১৮ অর্থ বছরে উল্লেখযোগ্য উৎপাদনের বিবরণের সাথে ২০১৬-১৭ অর্থ বছরের উৎপাদনের তুলনামূলক বিবরণ (লেখচিত্রসহ)	৭৬
৭.	২০১৭-১৮ অর্থ বছরের কমপরিকল্পনা ও অর্জিত সাফল্য	৭৬
৮.	২০১৮-১৯ অর্থ বছরের কমপরিকল্পনা	৭৭
৯.	২০১৭-১৮ অর্থ বছরে সংগ্রহকৃত যন্ত্রপাতির বিবরণ	৭৭
১০.	২০১৭-১৮ প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ কার্যাবলীর বিবরণ	৭৮
১১.	২০১৭-১৮ সালে মুদ্রণ কাজের বিবরণ	৭৮

বিষয়		পৃষ্ঠা
১২.	২০১৭-২০১৮ অফিস/প্রেসের বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয়	৭৯
১৩.	অফিস/প্রেসের ২০১৭-২০১৮ অর্থ বছরে ও আয়ের বিবারণ	৭৯
১৪.	অফিস/প্রেসের ২০১৭-২০১৮ অর্থ বছরের অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবারণ	৮০
১৫.	অফিসের ভূ-সম্পত্তি, কোয়াটারের হিসাব	৮০
১৬.	শুদ্ধাচার, ইনোভেশনসমূহ কর্মকান্ডঃ	৮০
১৭.	সমাপনী কথা	৮০
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস		৮১-৮৭
১.	পরিচিতি:	৮১
২.	জনবলের বিবরণ :- (২০১৭-২০১৮)	৮২
৩.	২০১৭-২০১৮ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য প্রশাসনিক কাজসমূহ:	৮২
৪.	২০১৭-২০১৮ অর্থ বছরের কর্মপরিকল্পনা ও অর্জিত সাফল্য :	৮৩
৫.	২০১৮-২০১৯ অর্থ বছরের কর্মপরিকল্পনা:	৮৪
৬.	২০১৭-২০১৮ অর্থ বছরের অডিট আপত্তি নিষ্পত্তির সাফল্য ও হালনাগাদ বিবরণীঃ-	৮৫
৭.	শুদ্ধাচার ,ইনোভেশনসমূহ কর্মকান্ড:	৮৬
৮.	উপসংহার:	৮৭
বাংলাদেশ স্টেশনারী অফিস		৮৮-৯১
১.	সংক্ষিপ্ত পরিচিতিঃ	৮৮
২.	প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা/সম্প্রতি উল্লেখযোগ্য অর্জন এবং ভবিষ্যত পরিকল্পনাঃ	৮৮
৩.	প্রতিষ্ঠানের অনুমোদিত মোট জনবল (১ম শ্রেণী, ২য় শ্রেণী, ৩য় শ্রেণী ও ৪র্থ শ্রেণী	৮৮
৪.	২০১৭-১৮ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য প্রশাসনিক কাজসমূহ:	৮৯
৫.	২০১৭-২০১৮ অর্থ বছরের কর্মপরিকল্পনা ও অর্জিত সাফল্য :	৮৯
৬.	২০১৮-২০১৯ অর্থ বছরের কর্মপরিকল্পনা :	৮৯
৭.	২০১৭-১৮ অর্থ বছরে প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ কার্যাবলীর বিবরণ:	৯০
৮.	২০১৭-১৮ অর্থ-বছরের বরাদ্দ ও প্রকৃত ব্যয়ঃ	৯০
৯.	২০১৮-২০১৯ অর্থ-বছরের রাজস্ব সংগ্রহ ও আয়ের বিবরণঃ	৯০
১০.	২০১৮-২০১৯ অর্থ-বছরের অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণীঃ	৯০
১১.	অফিসের ভূ-সম্পত্তি, কোয়াটারের হিসাবঃ	৯১

বিষয়	পৃষ্ঠা
১২. শুদ্ধাচার, ইনোভেশনসমূহ কর্মকান্ড:	৯১
১৩. সমাপনী কথা:	৯১
আঞ্চলিক অফিসসমূহ	৯২-১০৩
১. ঢাকা আঞ্চলিক অফিস	৯২
২. চট্টগ্রাম আঞ্চলিক অফিস	৯৪
৩. খুলনা আঞ্চলিক অফিস	৯৭
৪. বগুড়া আঞ্চলিক অফিস	৯৯
৫. বরিশাল আঞ্চলিক অফিস	১০১
৬. সিলেট আঞ্চলিক অফিস	১০২
৬. রংপুর আঞ্চলিক অফিস	১০৩
পরিশিষ্ট	১০৬

পরিচিতি

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের একটি সংযুক্ত সংস্থা। অত্র অধিদপ্তর ঢাকা'র তেজগাঁও শিল্প এলাকায় অবস্থিত। স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ের সাথে সাথে সরকারি মুদ্রণ, লেখ-সামগ্রী, ফরম ও প্রকাশনা এবং স্টেশনারী অফিসের উত্তরসূরী হিসেবে তৎকালীন সংস্থাপন মন্ত্রণালয়ের Resolution No- G11/1p-13/72-1002, Dated- 30 August 1972 মোতাবেক সরকারের ৪টি অফিস ও প্রেসের কার্যক্রম তদারকি ও নিয়ন্ত্রণের জন্য মুদ্রণ, লেখ-সামগ্রী, ফরম ও প্রকাশনা পরিদপ্তরের সৃষ্টি হয়। যার মাধ্যমে সরকারি সকল মুদ্রণ, প্রকাশনা ও স্টেশনারি মালামাল সরবরাহের সেবা প্রদানে গতি সঞ্চার হয় এবং ২০০৫ সালের ২৬শে এপ্রিল সরকার প্রতিষ্ঠানটিকে অধিদপ্তরে উন্নীত করে। অধিদপ্তরের নাম সহজ করার লক্ষ্যে ১৫ই জুন ২০১০ সালে মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তরকে 'মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর' (ডিপিপি) নামকরণ করা হয়। মহাপরিচালক অধিদপ্তরের প্রধান। তাঁর নিয়ন্ত্রণাধীন তিনটি প্রেস, দুটি অফিস ও সাতটি আঞ্চলিক অফিসসমূহ নিম্নরূপঃ-



৩টি প্রেস

- (১) বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস) ;
- (২) গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (জিপি প্রেস) ;
- (৩) বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয় (বিএসপিপি) ;

২টি অফিস

- (১) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (বিএফপিও) ;
- (২) বাংলাদেশ স্টেশনারী অফিস (বিএসও)।

আঞ্চলিক অফিসসমূহ

- (১) ঢাকা আঞ্চলিক অফিস,
- (২) চট্টগ্রাম আঞ্চলিক অফিস,
- (৩) খুলনা আঞ্চলিক অফিস,
- (৪) বগুড়া আঞ্চলিক অফিস,
- (৫) বরিশাল আঞ্চলিক অফিস,
- (৬) রংপুর আঞ্চলিক অফিস,
- (৭) সিলেট আঞ্চলিক অফিস।

প্রত্যেক প্রেস, বাংলাদেশ স্টেশনারী অফিস এবং বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস-এর প্রধানগণ উপপরিচালক এবং অফিসের দায়িত্বে একজন করে ম্যানেজার কর্মরত আছেন।

আঞ্চলিক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)

ব্রিটিশ শাসনামলে ভারতবর্ষে বেশ কিছু ছাপাখানা ছিল যার মধ্যে পশ্চিম বাংলার কোলকাতায় অবস্থিত বেঙ্গল গভর্নমেন্ট প্রেস উল্লেখযোগ্য। ১৯৪৭ সালে ভারত বিভাগের পর স্বাধীন রাষ্ট্রের প্রিন্ট-হাউস হিসেবে কোলকাতার বেঙ্গল গভঃ প্রেসের কিছু মুদ্রণ মেশিন ও জনবলসহ ঢাকার নাজিমউদ্দীন রোডে সেন্ট্রাল জেলের অভ্যন্তরে ইস্ট বেঙ্গল গভর্নমেন্ট প্রেস স্থাপিত হয়। ইস্ট বেঙ্গল গভর্নমেন্ট প্রেসের প্রথম কন্ট্রোলার নিযুক্ত হন মিঃ সি , সি, ডানকান। ১৯৪৮ সালে প্রেসটি কয়েক মণ লেড-টাইপ মেটাল এবং দু 'টি পুরাতন বাষ্পচালিত ছাপার মেশিন নিয়ে মুদ্রণ কাজ শুরু করে। পরবর্তীতে এটিকে ১৯৫৩ সালে বর্তমান স্থান তেজগাঁও শিল্পাঞ্চল এলাকায় স্থানান্তর করা হয়। ১৯৫৬ সালে ইস্ট পাকিস্তান গভর্নমেন্ট প্রেস (ইপিজিপি) হিসেবে পরিচিতির মাধ্যমে রাষ্ট্রীয় মুদ্রণ কাজে প্রেসটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। তখন এর লোকবল ছিল ১,৪০০ জন।



বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ের মূল ভবন

বাংলাদেশ সরকারী মুদ্রণালয় জনপ্রশাসন মন্ত্রণালয়ের মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরস্বাধীন অত্যন্ত সংবেদনশীল (কেপিআইভুক্ত) একটি প্রতিষ্ঠান যা ব্যাপকভাবে 'বিজি প্রেস' নামে পরিচিত। সরকারের যাবতীয় গুরুত্বপূর্ণ মুদ্রণ কাজ , যেমন- গেজেট, বাজেট, রিপোর্ট, বিল, এ্যাক্ট, অর্ডিন্যান্স, লিফলেট, পোস্টার, আদেশপত্র, অর্থনৈতিক সমীক্ষা, জার্নাল, ফরম (স্ট্যান্ডার্ড ও নন-স্ট্যান্ডার্ড), ডিও প্যাড, ডিও খাম, দাওয়াতপত্র ইত্যাদি এ প্রেস থেকে মুদ্রিত হয়ে থাকে। ভৌগোলিক ও রাজনৈতিক পট পরিবর্তনে পুনর্গঠন সংক্রান্ত অবকাঠামো, জনশক্তি, প্রযুক্তি ও উৎপাদন বিষয়ে সরকারি মুদ্রণ ও প্রকাশনা কাজ দ্রুততার সাথে সম্পন্ন করে বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস) তার নিজস্ব স্বকীয়তা বজায় রেখেছে। তাছাড়া গোপনীয় শাখার নিরাপত্তার স্বার্থে সার্বক্ষণিক মনিটরিং করার নিমিত্তে অত্যাধুনিক সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। সরকারের যাবতীয় গোপনীয় মুদ্রণ কাজ সুবিন্যস্ত হওয়ার স্বার্থে শিতাতপ নিয়ন্ত্রণ এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আরও উল্লেখ্য যে, সরকারি মুদ্রণ কাজের নিরাপত্তার স্বার্থে এ প্রেসের মূল ফটকে মেটালডিটেক্টর গेट স্থাপন করা হয়েছে।

১৯৭১ সালে বাংলাদেশ নামে স্বাধীন সার্বভৌম রাষ্ট্রের অভ্যুদয় ঘটলে এটি বাংলাদেশ গভর্নমেন্ট প্রেস বা বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস) নামে পরিচিতি লাভ করে। বর্তমানে এ প্রেসে মোট কর্মকর্তা ১৬ জন এবং ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী ১২০০ জনসহ মোট জনবল ১২১৬ জন বর্তমানে রয়েছে।

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস জনপ্রশাসন মন্ত্রণালয়ের মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের অধীন গুরুত্বপূর্ণ একটি প্রতিষ্ঠান। তদানীন্তন পাকিস্তান কেন্দ্রীয় সরকারের মুদ্রণ কার্যাদি সম্পন্ন করার জন্য ১৯৫৩ সালে ঢাকায় ‘সেন্ট্রাল প্রেস’ নামে এর যাত্রা শুরু হয়। প্রথম পর্যায়ে প্রেসটি পাকিস্তান কেন্দ্রীয় সরকারের শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে ছিল। প্রেসের প্রধান কার্যালয় করাচিতে এবং তার অধীনে চারটি ইউনিট অফিস যথাক্রমে করাচি, লাহোর, ইসলামাবাদ ও ঢাকায় অবস্থিত ছিল। ১৯৬৯ সালে পাকিস্তান সরকার প্রেসটিকে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তর করে। তখন এর নতুন নামকরণ হয় ‘দি প্রিন্টিং কর্পোরেশন অব পাকিস্তান লিমিটেড’। স্বাধীনতার পর বাংলাদেশ সরকার (মহামান্য রাষ্ট্রপতির ১৯৭২ সালের আদেশ নম্বর-৮১) প্রিন্টিং কর্পোরেশন (ভেটিং) অর্ডার , ১৯৭২ তারিখ ১৪ জুলাই, ১৯৭২ এর মাধ্যমে প্রেসটিকে গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস নামে গ্রহণ করেন। পরবর্তীতে ৩০ আগস্ট , ১৯৭২ সালের আদেশ নং-কড়.এ-১১/১৮-১৩/৭২-১০০২ ফধঃব- ৩০-০৮-১৯৭২ এর মাধ্যমে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের অন্যান্য প্রেসের সাথে গভর্নমেন্ট প্রিন্টিং প্রেসের কাজ নির্ধারণ করা হয়। তেজগাঁও শিল্প এলাকার ১২৩, শহীদ তাজউদ্দীন আহমদ সরণিতে ৫.৬৬ একর জমির উপর অবস্থিত প্রেসটিতে একতলা পাঁচটি কারিগরি ভবন ও দোতলা একটি প্রশাসনিক ভবন রয়েছে। সরকারি গুরুত্বপূর্ণ ও গোপনীয় মুদ্রণ কাজ সম্পাদনের কারণে গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস একটি কেপিআইভুক্ত প্রতিষ্ঠান হিসেবে বিবেচিত।



গভর্নমেন্ট প্রিন্টিং প্রেসের মূল ভবন ফটক

কর্মবন্টন অনুযায়ী গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (১) প্রতিরক্ষা মন্ত্রণালয় , (২) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় , (৩) ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় , (৪) যোগাযোগ মন্ত্রণালয় , (৫) নৌ পরিবহন মন্ত্রণালয় , (৬) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, (৭) বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, (৮) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় , (৯) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় , (১০) শিল্প মন্ত্রণালয়, (১১) প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় (১২) রেল মন্ত্রণালয় (১৩) বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়সহ সংশ্লিষ্ট দপ্তরসমূহের যাবতীয় মুদ্রণ ও বাঁধাইয়ের কাজ করে থাকে। বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন সচিবালয় ও বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের মুদ্রণ কাজও এ প্রেসের আওতাভুক্ত।

বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়

‘বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়’ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ধীন মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের একটি প্রেস। সরকারের নিরাপত্তামূলক মুদ্রণ কার্যাদি সম্পাদন করার লক্ষ্যে ১৯৭৫ সালে সর্বপ্রথম বাংলাদেশ সরকারি মুদ্রণালয় হতে কিছুসংখ্যক কর্মচারী ও কয়েকটি মেশিন নিয়ে স্টেশনারি অফিস এর গোড়াউনের জন্য নির্মিত ভবনে ‘বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়’ মুদ্রণ কাজ শুরু করে। অতঃপর বিভিন্ন ধরনের জগপুরুপূর্ণ সিকিউরিটি ডকুমেন্ট মুদ্রণ/সরবরাহের কার্যক্রম শুরু হয়। প্রতিষ্ঠালগ্ন থেকেই বাংলাদেশ সরকারের পাশাপাশি আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী বিভিন্ন প্রকার সিকিউরিটি ও নন-সিকিউরিটি ইনস্ট্রুমেন্টস/ডকুমেন্টস্ এর মুদ্রণ ও সরবরাহ সম্পর্কিত কার্যাদি এ মুদ্রণালয়ে সম্পাদন করা হচ্ছে। বর্তমানে এই প্রেসে মঞ্জুরীকৃত জনবল ১৭৬ জন।



বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়ের মুদ্রণ কাজের সংক্ষিপ্ত বর্ণনাঃ-

- ১। হিসাব মহা-নিয়ন্ত্রকের কার্যালয়ের প্রি-অডিট চেক
- ২। সিজিডিএফ কার্যালয়ের প্রতিরক্ষা চেক
- ৩। বিভিন্ন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের সিকিউরিটি এবং নন-সিকিউরিটি ডকুমেন্ট
- ৪। জাতীয় সঞ্চয় পরিদপ্তরের ওয়েজ আর্নার বন্ড ও বিভিন্ন মূল্যমানের সঞ্চয়পত্র বিনিয়োগ বন্ড
- ৫। বিভিন্ন ব্যাংকের চেক
- ৬। ডাক বিভাগের পোস্টাল অর্ডার
- ৭। বিভিন্ন শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, হোমিওপ্যাথিক শিক্ষা বোর্ড ও বিশ্ববিদ্যালয়সমূহের সার্টিফিকেট, মার্কশীট ও অন্যান্য নিরাপত্তামূলক ডকুমেন্ট
- ৮। ঢাকা সিটি কর্পোরেশনের ট্রেড লাইসেন্স বই ও রিক্সা ভ্যান গাড়ীর টোকেন
- ৯। বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসের বিভিন্ন প্রকার ফরম ও রেজিস্টার।

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের একটি ইউনিট অফিস। এটি তৎকালীন পূর্ব পাকিস্তান সরকারি মুদ্রণালয়ের অবিচ্ছেদ্য অংশ হিসাবে কাজ শুরু করে। বাংলাদেশ রেজুলেশন নং-জি-২/আইপি-১৩/৭২-১০০২, তারিখ-৩০/০৮/১৯৭২ এর আদেশ বলে ফরম ও প্রকাশনা সামগ্রীর চাহিদাপত্র সংগ্রহ এবং চাহিদাকৃত মালামাল মুদ্রণ করে দেশব্যাপী সরকারি দপ্তরসমূহের মধ্যে বিতরণের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার লক্ষ্যে অধিদপ্তরাধীন একটি পৃথক ইউনিট হিসাবে চালু করা হয়।



বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসের মূল ভবন ০৩(তিন) তলা বিশিষ্ট। যার নীচ তলায় মুদ্রিত ফরমসমূহ সংরক্ষণ ও দোতলায় প্রকাশনা সামগ্রী সংরক্ষণ ও প্রশাসনিক কাজ-কর্ম করা হয় এবং তৃতীয় তলায় মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এর কার্যালয় অবস্থিত। তাছাড়া সেনা ফরম সংরক্ষণের জন্য ০১(এক) টি দ্বিতল গুদাম রয়েছে। অপরদিকে বাংলাদেশ স্টেশনারী অফিসের অভ্যন্তরে ফরম সংরক্ষণের জন্য একটি বৃহদায়তনের গুদাম রয়েছে।

এ অফিস থেকে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের তালিকাভুক্ত সরকারি দপ্তর সমূহের চাহিদা অনুযায়ী বিভিন্ন প্রকার ফরম, রেজিস্টার ইত্যাদি বিনামূল্যে সরবরাহ করা হয়। এ-সকল ফরম ও রেজিস্টারের মধ্যে দাখিলা, ডিসিআর, ড্রেজারী চালান, ফাইল কভার, পত্র জারী রেজিস্টার, পত্র প্রাপ্তি রেজিস্টার, টাকা আদায়ের রশিদ, হাজিরা খাতা, আউড ডোর টিকিট, মৃত্যু সনদ ফরম, মজুদ রেজিস্টার, পরিমাপ বহি, টিপ বহি, বালাম, নকলের রশিদ, বেতন বিল ফরম, এসিআর, ভ্রমণ বিল ফরম, এলএ চেক বই, ফাইন বহি, খতিয়ার ফরম, লগ বহি, বিল রেজিস্টার, ক্যাশ বহি, বনজ রাজস্ব ফরম, মাস্টার রোল, সিডি, পিডি, জিডি, এফআইআর, নন-এফআইআর, সার্ভিস বহি, আরসি, পে-রোল, পিসি, ডিউটি রেজিস্টার, সিসি, বার্তা ফরম, ওয়ারেন্ট রেজিস্টার, চার্জশীট, কোর্ট ফরম, রিটার্ন ফরম, পাসপোর্ট ফরম, অর্ডার সীট, পোশাক শিল্পের রশিদ বহি, সেনা ফরম ইত্যাদি অন্যতম। তাছাড়া মূল্যের বিনিময়ে নিকাহ সংক্রান্ত যাবতীয় ফরম সরবরাহ করা হয়। এছাড়া জাতীয় সংসদে পাশ হওয়া সরকারের সকল আইন, অধ্যাদেশ, এসআরও এবং সরকারের বিভিন্ন সময় জারি করা বিধি-বিধান প্রকাশনা আকারে মুদ্রণ এবং নিজস্ব বিক্রয় কেন্দ্র এজেন্টের মাধ্যমে জনসাধারণের কাছে বিক্রির ব্যবস্থা করা হয়ে থাকে। উল্লেখ্য যে, অফিসের তত্ত্বাবধানে বিক্রয় কেন্দ্র রয়েছে। এর একটি মূল অফিস ভবন তেজগাঁওয়ে এবং অপরটি ১৪/২, তোপখানা রোডে (জাতীয় প্রেস ক্লাবের উল্টো দিকে) অবস্থিত। প্রতিষ্ঠানের প্রকাশনা সামগ্রী জনসাধারণের কাছে বিক্রির জন্য তালিকাভুক্ত এজেন্টও রয়েছে। ঢাকার বাইরে সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত অফিসসমূহের ফরম ও রেজিস্টার চট্টগ্রাম, খুলনা, বগুড়া, বরিশাল, রংপুর ও সিলেট আঞ্চলিক অফিস থেকে সরবরাহ করা হয়।

বাংলাদেশ স্টেশনারী অফিস

বাংলাদেশ স্টেশনারী অফিস জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনস্থ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরধীন একটি ইউনিট অফিস। এ অফিসটি ১৯৫২ সালে তদানীন্তন পাকিস্তান আমলে তেজগাঁও শিল্পাঞ্চলে ৫.৭২ একর জমির উপর প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর থেকে ১৯৮৫ সাল পর্যন্ত সমগ্র বাংলাদেশের সরকারি অফিস-আদালত ও স্কুল-কলেজে বরাদ্দের বিপরীতে চাহিদানুযায়ী স্টেশনারী দ্রব্য-সামগ্রী এ অফিস থেকে সরবরাহ করা হতো। ১৯৮৫ সালে অধিদপ্তরের অধীনে ঢাকা, চট্টগ্রাম, বগুড়া, ও খুলনায় ৪ টি আঞ্চলিক অফিস প্রতিষ্ঠা করা হয় এবং আঞ্চলিক অফিসসমূহের মাধ্যমে উক্ত মালামাল সরবরাহ করা হয়। এ বছর আরও ৩ টি আঞ্চলিক অফিস, যথাক্রমে বরিশাল, রংপুর ও সিলেট চালু করা হয়েছে।



বাংলাদেশ স্টেশনারী অফিসের কাজ

অফিসটি দেশ-বিদেশ থেকে উন্নতমানের কাগজসহ বিভিন্ন প্রকার স্টেশনারী দ্রব্য ও মুদ্রণ সামগ্রী ক্রয়/সংগ্রহ করে থাকে। দেশী কাগজের অধিকাংশ কর্ণফুলী পেপার মিলস্ লিমিটেড থেকে নির্ধারিত মূল্যে এবং অন্যান্য কাগজ ও মুদ্রণ সামগ্রী, স্টেশনারী দ্রব্য বাজার থেকে দরপত্র/কোটেশনের মাধ্যমে ক্রয় করা হয়ে থাকে।

ক্রয়/সংগৃহীত কাগজ ও স্টেশনারী দ্রব্য মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, নিম্ন-আদালত, বিভিন্ন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্ব-শাসিত অফিসে চাহিদা অনুযায়ী আঞ্চলিক অফিস সমূহের মাধ্যমে সরবরাহ করা এ অফিসের প্রধান কাজ।

এছাড়া বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস), গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, সিকিউরিটি প্রিন্টিং প্রেসের ছাপা/মুদ্রণ ও বাঁধাই কাজের জন্য প্রয়োজনীয় কাগজ মুদ্রণ ও বাঁধাই সামগ্রী এ অফিস থেকে সরবরাহ করা হয়। ৬৪ টি জেলা প্রশাসকের কার্যালয়ের ট্রেজারীতে সরাসরি কাট্রিজ পেপার (Plain Security Paper) সরবরাহ করা হয়। এ কাট্রিজ পেপার বিদেশ থেকে আমদানী করা হয়। সুপ্রীম কোর্টসহ মন্ত্রণালয় ও অফিস-আদালতে ৭ টি আঞ্চলিক (ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বগুড়া, বরিশাল, সিলেট ও রংপুর) অফিসের মাধ্যমে কাগজসহ বিভিন্ন প্রকার স্টেশনারী মালামাল সরবরাহ করা হয়ে থাকে।

আঞ্চলিক অফিসসমূহ

ঢাকা আঞ্চলিক অফিস

বাংলাদেশ স্টেশনারী অফিস ভবন, তেজগাঁও ঢাকার একাংশে ১৯৮৫ সালে ঢাকা আঞ্চলিক অফিস প্রতিষ্ঠিত হয়। আঞ্চলিক অফিস বিভাগীয় পর্যায়ে সরকারি অফিসে স্টেশনারী ও ফরম সরবরাহের দায়িত্ব পালন করে থাকে।

ঢাকা আঞ্চলিক অফিস গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ৫৩টি মন্ত্রণালয় বিভাগ এবং অধীনস্থ সংযুক্ত দপ্তর, অধিদপ্তর, পরিদপ্তর এবং ঢাকা বিভাগে ফরম ও স্টেশনারী মালামাল সরবরাহ করে থাকে।

ঢাকা আঞ্চলিক কার্যালয়ের অনুমোদিত জনবল ২১ জন। ম্যানেজার (২য় শ্রেণী) উক্ত অফিসের দায়িত্ব পালন করেন।

চট্টগ্রাম আঞ্চলিক অফিস

চট্টগ্রাম মহানগরীর পাহাড়তলী এলাকায় হাজীক্যাম্প বিল্ডিং নং-৭-এর ভাড়া বাড়ীতে ১৯৮৫ সালে চট্টগ্রাম আঞ্চলিক অফিস প্রতিষ্ঠিত হয়। আঞ্চলিক অফিস বিভাগীয় পর্যায়ে সরকারি অফিসে স্টেশনারী ও ফরম সরবরাহের দায়িত্ব পালন করে থাকে। চট্টগ্রাম আঞ্চলিক অফিস বর্তমান চট্টগ্রাম বিভাগের ৮টি জেলা ও ৬১টি উপজেলায় ফরম ও স্টেশনারী সরবরাহ করে থাকে।

চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে কর্মরত অনুমোদিত জনবল ১০ জন। ম্যানেজার (২য় শ্রেণি) উক্ত অফিসের দায়িত্ব পালন করেন।

খুলনা আঞ্চলিক অফিস

খুলনা সিটির ৩নং ইন্স-সাউথ হাউজিং এস্টেট, খালিশপুরের ভাড়া বাড়ীতে ১৯৮৫ সালে খুলনা আঞ্চলিক অফিস প্রতিষ্ঠিত হয়। আঞ্চলিক অফিস বিভাগীয় পর্যায়ে সরকারি অফিসে স্টেশনারী ও ফরম সরবরাহের দায়িত্ব পালন করে থাকে। খুলনা আঞ্চলিক অফিস বর্তমানে ১০টি জেলার সরকারি অফিসসমূহের অনুকূলে ফরম ও স্টেশনারী সরবরাহ করে থাকে।

খুলনা আঞ্চলিক কার্যালয়ে অনুমোদিত জনবল ২১ জন। ম্যানেজার (২য় শ্রেণি) উক্ত অফিসের দায়িত্ব পালন করেন।

বগুড়া আঞ্চলিক অফিস

সাবেক রাজশাহী বিভাগের সরকারি অফিসসমূহে সেবাদানের জন্য ১৯৮৫ সালে বগুড়া আঞ্চলিক অফিস প্রতিষ্ঠিত হয়। আঞ্চলিক অফিস বিভাগীয় পর্যায়ে সরকারি অফিসে স্টেশনারী ও ফরম সরবরাহের দায়িত্ব পালন করে থাকে। ১৩৩, শেরপুর রোড, কলোনীবাজার, বগুড়ার ভাড়া বাড়ীতে বগুড়া আঞ্চলিক অফিসের কার্যক্রম চালু আছে। বগুড়া আঞ্চলিক অফিস ৮টি জেলার সরকারি অফিসসমূহের অনুকূলে ফরম ও স্টেশনারী সরবরাহ করে থাকে।

বগুড়া আঞ্চলিক কার্যালয়ে বর্তমানে অনুমোদিত জনবল ২১ জন। ম্যানেজার (২য় শ্রেণি) উক্ত অফিসের দায়িত্ব পালন করেন।

বরিশাল আঞ্চলিক অফিস

বরিশাল শহরের প্রাণ কেন্দ্র পশ্চিম বগুড়া রোডস্থ হক ম্যানশন এর নীচ তলা ভাড়া বাড়ীতে ২০১৬-১৭ অর্থ বছরে ২৬ জুলাই থেকে বরিশাল আঞ্চলিক অফিস কার্যক্রম শুরু করে। আঞ্চলিক অফিস বিভাগীয় পর্যায়ে সরকারি অফিসে স্টেশনারী ও ফরম সরবরাহের দায়িত্ব পালন করে থাকে। বরিশাল আঞ্চলিক অফিস বর্তমানে ৬টি জেলা র সরকারি অফিসসমূহের অনুকূলে ফরম ও স্টেশনারী সরবরাহ করে থাকে।

বরিশাল আঞ্চলিক কার্যালয়ে অনুমোদিত জনবল ১২ জন। ম্যানেজার (২য় শ্রেণি) উক্ত অফিসের দায়িত্ব পালন করেন

রংপুর আঞ্চলিক অফিস

রংপুর আঞ্চলিক অফিসটি রংপুর মহানগরের উল্লেখযোগ্য টার্মিনাল ও শাপলা চত্তরের সংযোগ টার্মিনাল রোডের মধ্যস্থলে (গণেশপুরে) অবস্থিত। অফিসটি ২০১৬-১৭ অর্থ বছরে ২ অক্টোবর থেকে কার্যক্রম শুরু করে। আঞ্চলিক অফিস বিভাগীয় পর্যায়ে সরকারি অফিসে স্টেশনারী ও ফরম সরবরাহের দায়িত্ব পালন করে থাকে। রংপুর আঞ্চলিক অফিস বর্তমানে ৮টি জেলা র সরকারি অফিসসমূহের অনুকূলে ফরম ও স্টেশনারী সরবরাহ করে থাকে।


রংপুর আঞ্চলিক কার্যালয়ে অনুমোদিত জনবল ১২ জন। ম্যানেজার (২য় শ্রেণি) উক্ত অফিসের দায়িত্ব পালন করেন

সিলেট আঞ্চলিক অফিস

গ্রাহক সেবার মান দোরগোড়ায় পৌঁছে দেওয়ার জন্য এবং জনগণের সম্পৃক্ততা বাড়ানোর লক্ষ্যে স্টেশনারী দ্রব্য ও ফরম সামগ্রীর প্রাপ্যতা সরকারি অফিস আদালতে সহজতর করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়, মুদ্রণ শাখার ০৬ মার্চ ২০১৬ তারিখের ০৫.০০.০০০০. ১২০.১৫.০১৩.০৬.-৭৫ নম্বর আদেশে সিলেট বিভাগের ০৪ (চার)টি জেলা নিয়ে (সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ) সিলেট আঞ্চলিক অফিস সৃষ্টি করা হয়। সিলেট আঞ্চলিক অফিস প্রাথমিক অবস্থায় ঢাকাস্থ বাংলাদেশ স্টেশনারী অফিসের আঞ্জিনায় একটি কক্ষে কার্যক্রম শুরু করে। পরবর্তীতে ০১ ডিসেম্বর ২০১৬ সাল হতে সিলেটের শাহজালাল উপ-শহরে বাড়ী ভাড়া করে সরকারি অফিস আদালতে স্টেশনারী দ্রব্য ও ফরম রেজিস্টার সরবরাহের কাজ শৃঙ্খলাবে সম্পাদন করে আসছে।

সিলেট আঞ্চলিক কার্যালয়ে বর্তমানে অনুমোদিত জনবল ২১ জন। ম্যানেজার (২য় শ্রেণি) উক্ত অফিসের দায়িত্ব পালন করেন।

সাংগঠনিক কাঠামো



* ১৩টি পদ নতুন সৃষ্টি হয়েছে।

অধিদপ্তরের সিটিজেন চার্টার

ক্রমিক নম্বর	যে যে বিষয়ে সেবা প্রদান করা হয়	সেবা গ্রহণকারী	নিষ্পত্তির সময়সীমা	মন্তব্য
১	বাংলাদেশ গেজেট মুদ্রণ ও প্রকাশ	সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন	সাপ্তাহিক	বেসরকারি পর্যায়ে অর্ধের বিনিময়ে
২	বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা মুদ্রণ ও প্রকাশ	সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও কোম্পানি	প্রয়োজন মোতাবেক দৈনিক	প্রযোজ্য ক্ষেত্রে অর্ধের বিনিময়ে
৩	সরকারি অফিস/আদালতে ব্যবহৃত বিভিন্ন প্রকার ফরম মুদ্রণ ও সরবরাহ	সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান	দৈনিক	
৪	বাজেট বই, বাজেট বক্তৃতা মুদ্রণ	অর্থ মন্ত্রণালয়	৭ দিন থেকে ১৫ দিন	বছরে দুইবার
৫	নির্বাচনী ব্যালট পেপার মুদ্রণ	নির্বাচন কমিশন সচিবালয়	নির্বাচন কমিশন প্রদত্ত সময়সীমা	চাহিদা অনুসারে
৬	হাইকোর্টের কজলিস্ট মুদ্রণ	মহামান্য হাইকোর্ট বিভাগ	দৈনিক	
৭	বাংলাদেশ জাতীয় সংসদের দৈনন্দিন কার্যতালিকা/কার্যবিবরণী ও সংসদ বিতর্ক মুদ্রণ	বাংলাদেশ জাতীয় সংসদ	সংসদ চলাকালীন দৈনিক/চাহিদা অনুসারে	
৮	মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের বার্ষিক রিপোর্ট মুদ্রণ	মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়	প্রতিষ্ঠানের চাহিদা অনুসারে	বছরে একবার
৯	বিভিন্ন আইন, বিধি ও ম্যানুয়েল মুদ্রণ	সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান	প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সময়সীমা	প্রযোজ্য ক্ষেত্রে অর্ধের বিনিময়ে
১০	বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের বিভিন্ন পরীক্ষার সিলেবাস এবং উত্তরপত্র মুদ্রণ	বাংলাদেশ সরকারি কর্মকমিশন	পিএসসি কর্তৃক প্রদত্ত সময়সীমা	
১১	সিজিএ ও সিজিডিএফ-এর চেক, বিভিন্ন ব্যাংকের চেক ও ডাক বিভাগের পোস্টাল অর্ডার মুদ্রণ	কেন্দ্রীয় ব্যাংক, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সময়সীমা	
১২	বিভিন্ন পাবলিক পরীক্ষার গোপনীয় প্রশ্নপত্র, সনদপত্র ও নম্বরপত্র মুদ্রণ	জাতীয় বিশ্ববিদ্যালয়/শিক্ষা বোর্ডসমূহ	ঐ	অর্ধের বিনিময়ে

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ভিশন ও মিশন

অধিদপ্তরের ভিশনঃ মানসম্মত মুদ্রণ ও প্রকাশনা।

অধিদপ্তরের মিশনঃ প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে স্বল্পতম সময়ে যথাযথ নিরাপত্তা ও স্বচ্ছতার সাথে মানসম্মত মুদ্রণ, প্রকাশনা ও স্টেশনারী সামগ্রী সরবরাহ নিশ্চিতকরণ।

অধিদপ্তরের সাধারণ উদ্দেশ্য

দেশের আর্থসামাজিক উন্নয়ন ত্বরান্বিত এবং সুসংহত করণের লক্ষ্যে জনগণের জন্য একটি নির্ভরযোগ্য ও আধুনিক মানের মুদ্রণ সেবা প্রদানে এ অধিদপ্তর যাত্রা শুরু করেছে। সঠিক পরিকল্পনা, দক্ষ ব্যবস্থাপনা, আধুনিক প্রযুক্তি প্রয়োগ এবং মানবসম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে মুদ্রণ ও প্রকাশনা কার্যক্রমকে বিশ্বমানের উন্নীতকরণসহ গ্রাহক সেবার মান নিশ্চিত করা।

১. সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করে সরকারের কার্যক্রমসমূহ দক্ষতা, বিশ্বস্ততা, দায়িত্বশীলতা ও কঠোর নিরাপত্তার সাথে সম্পাদন করা।
২. প্রয়োজনীয়তা ও অগ্রাধিকারের নিমিত্তে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, সংস্থা ও সাংবিধানিক প্রতিষ্ঠানসমূহের জন-গুরুত্বপূর্ণ মুদ্রণ কাজ সম্পাদন করা।
৩. সাপ্তাহিক গেজেট ও অতিরিক্ত সংখ্যার গেজেটসমূহের চাহিদা সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রকাশের ব্যবস্থা করা।
৪. প্রকাশিতব্য তথ্যসমূহ জনসাধারণের জন্য নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা।
৫. সরকারের সকল অফিসে মুদ্রণ ও স্টেশনারী মালামাল সুষ্ঠু ব্যবহার ব্যবস্থাপনা, বন্টন ও যথাযথ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।
৬. সকল স্ট্যান্ডার্ড ও নন-স্ট্যান্ডার্ড ফরম, সরকারি জার্নাল, প্রকাশনা, বিধি, বই, প্রজ্ঞাপন ইত্যাদি মুদ্রণ ও সরবরাহ করা।
৭. সরকার কর্তৃক জারিকৃত আদেশ-নির্দেশ, নিয়ম-নীতি ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা।

অধিদপ্তর এবং এর অধীনস্থ দপ্তরসমূহের জনবল চিত্র :

ক্রমিক	অফিসের নাম	অনুমোদিত জনবল	কর্মরত জনবল	শূন্য পদের সংখ্যা
১।	মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর প্রধান কার্যালয়	৭৫	৪১	৩৪
২।	বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)	১২১৬	৮৪২	৩৭৪
৩।	গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (জিপিপি)	৫৬৩	৩৬৬	১৯৭
৪।	বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়	১৭৬	১৩৪	৪২
৫।	বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস	১৪০	৮৬	৫৪
৬।	বাংলাদেশ স্টেশনারী অফিস	৯৪	৪৫	৪৯
৭।	৭টি আঞ্চলিক অফিসসমূহ	১২১	৬১	৬০
	মোট :	২৩৮৫	১৫৭৫	৮১০

অধিদপ্তরের কার্যাবলিঃ-

ক্রমিক	কার্যাবলী
১)	মুদ্রণ ও স্টেশনারি সংক্রান্ত যাবতীয় বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান ;
২)	সকল সরকারি অফিস কর্তৃক মুদ্রণ ও স্টেশনারি সম্পর্কিত বিধি-বিধান প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিতকরণ এবং কোন মারাত্মক অবহেলা ও আইনভঙ্গের বিষয়ে সরকারকে অবহিতকরণ ;
৩)	সময়ে সময়ে সরকারি অফিসগুলো পরিদর্শনের মাধ্যমে মুদ্রণ ও স্টেশনারী মালামালের সুষ্ঠু ব্যবস্থাপনা, বণ্টন ও যথাযথ হিসাব সংরক্ষণসহ ব্যবহারের ক্ষেত্রে মিতব্যয়িতা নিশ্চিতকরণ ;
৪)	সকল সরকারি অফিস-আদালতসমূহে ব্যবহারের জন্য স্টেশনারী সরঞ্জামাদি এবং ফরম সরবরাহ ;
৫)	সরকারি অফিসসমূহের জন্য ফরম ও স্টেশনারী দ্রব্যাদি সরবরাহ প্রদানের অনুকূলে প্রয়োজনীয় অর্থ খোক বরাদ্দ ;
৬)	ফরম, স্টেশনারী ও সরকারি প্রকাশনা ব্যবহারের নিমিত্তে সকল অফিস-আদালত যথানিয়মে তালিকাভুক্তিকরণ ;
৭)	অধিদপ্তরাধীন অফিস/প্রেসসমূহের ব্যবহার অযোগ্য/অনুপযোগী মালামাল ও কাগজপত্র যথানিয়মে নিষ্পত্তিকরণের ব্যবস্থা গ্রহণ ;
৮)	সকল সরকারি অফিস কর্তৃক ফরম ও স্টেশনারীর জন্য তাঁদের দাখিলকৃত চাহিদাপত্র পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সরবরাহের পরিমাণ ও প্রয়োজনীয়তা নিরূপণ ;
৯)	সকল প্রকার স্ট্যান্ডার্ড, নন-স্ট্যান্ডার্ড ফরম, সরকারি জার্নাল, প্রকাশনা, বিধি, বই, গেজেট, প্রজ্ঞাপন ইত্যাদি মুদ্রণ ও সরবরাহ ;
১০)	সরকারি বাজেট, সংসদের কার্যবিবরণী, অডিট রিপোর্ট, পাবলিক এ্যাকাউন্টস কমিটির রিপোর্ট, মহামান্য হাইকোর্টের কজলিস্ট, ডেথ রেফারেন্স, এডিপি রিপোর্ট, রেগুলেশন, অর্ডিন্যান্স ও ম্যানুয়াল ইত্যাদি মুদ্রণের ব্যবস্থাকরণ ;
১১)	নিরাপত্তা গোপনীয়তা রক্ষার মাধ্যমে দেশের সমস্ত শিক্ষাবোর্ড, বিশ্ববিদ্যালয়ের প্রশ্নপত্র, সনদপত্র এবং অন্যান্য গোপনীয় মুদ্রণ কাজ ;
১২)	সাইফার কোড, ডাক বিভাগের নন-জুডিসিয়াল স্ট্যাম্প, সকল প্রকার জাতীয় সঞ্চয়পত্র, ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ব্যাংকের চেক বইসহ বিভিন্ন সংস্থার গোপনীয়/অতি গোপনীয় মুদ্রণ কাজ ;
১৩)	অধীনস্থ অফিস/প্রেসসমূহ পরিদর্শন ও এর সাথে সংযোগ ও সমন্বয় রক্ষা ;
১৪)	বিভাগীয় নির্বাচন/নিয়োগ কমিটির মাধ্যমে প্রথম শ্রেণীর পদ ব্যতীত অন্যান্য সকল পদে নিয়োগ, পদোন্নতি ও বদলী সংক্রান্ত কার্যক্রম সম্পাদন ;
১৫)	অধিদপ্তরাধীন অফিস/প্রেসসমূহের জন্য মুদ্রণ মেশিন ও খুচরা যন্ত্রাংশ, নিরাপত্তা কাগজ/দালিলিক কাগজ ও রাসায়নিক দ্রব্যাদি আমদানী ;
১৬)	অধীনস্থ অফিস/প্রেসসমূহের বাজেট তৈরী, আয়-ব্যয় সংক্রান্ত রিপোর্ট পরীক্ষা-নিরীক্ষাপূর্বক তা মন্ত্রণালয়ে প্রেরণ ;
১৭)	অধিদপ্তরাধীন অফিস/প্রেসসমূহের অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের অবসর ভাতা/আনুতোমিক ইত্যাদি প্রদান ;
১৮)	ইউনিট অফিস ও প্রেসসমূহের প্রতিবেদনের ভিত্তিতে মাসিক রাজস্ব আয় ও ব্যয়ের হিসাব প্রস্তুতকরণ ;
১৯)	উত্থাপিত অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি এবং সরকারি হিসাব সম্পর্কিত প্রতিবেদনের নির্দেশনা বাস্তবায়ন ;
২০)	যথাযথ পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে মুদ্রণ মেশিনাদি, যন্ত্রপাতি, মুদ্রণ সামগ্রী, স্টেশনারী দ্রব্যাদি ইত্যাদি ক্রয়ের বিল পরিশোধ ;
২১)	অধিদপ্তরাধীন অফিস/প্রেসসমূহের জন্য মালামাল সংগ্রহ, বিতরণ ও মজুদ পরিমাণের বার্ষিক হিসাব পরীক্ষা-নিরীক্ষা ও যাচাই ;
২২)	প্রেসসমূহের জনবল ও তদনুযায়ী মেশিনের উৎপাদন ক্ষমতার প্রতি দৃষ্টি রাখা, প্রেসসমূহের গুদাম পরিদর্শন এবং মুদ্রণ কাজের অগ্রগতি পর্যালোচনা ;
২৩)	অধিদপ্তরের যাবতীয় প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম ;
২৪)	সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আদেশ-নির্দেশ, নিয়ম-নীতি ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ;
২৫)	বেসরকারি প্রেসসমূহ যথাযথভাবে পরিদর্শনপূর্বক তালিকাভুক্তকরণ।

প্রতিবেদন

প্রধান কার্যালয়

স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ের সাথে সাথে সরকারের Caterer Services of Printing, Stationaery and Forms materials ও প্রকাশনার প্রয়োজনীয়তা মেটানোর লক্ষ্যে ১৯৭২ সালে এ অফিসের জন্ম। ৫টি অফিস প্রেস এবং ৭টি আঞ্চলিক অফিসের মাধ্যমে এ অধিদপ্তর কার্যক্রম পরিচালনা করে থাকে। অধিদপ্তরের প্রধান কার্যালয় অধীনস্থ অফিস প্রেসসমূহের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করে থাকে।

২০১৭-১৮ অর্থ-বছর সংক্রান্ত কার্যাবলি

বাংলাদেশ সরকারের শ্রেণী বিন্যাসকৃত গোপনীয় মুদ্রণ কাজসহ অন্যান্য সকল মুদ্রণ কাজ সম্পাদন , দেশের সকল অফিস-আদালতে গুণগত মান সম্পন্ন স্টেশনারী সামগ্রী সরবরাহকরণ , সেবার মানোন্নয়ন ও জবাব দিহিতা নিশ্চিতকরণের নিমিত্ত এ অধিদপ্তর নিরলস কাজ করে যাচ্ছে। সুসম সুযোগ সুবিধাকে সামনে রেখে দেশের উন্নয়নকে ত্বরান্বিত করণের বাস্তবতার নিরিখে যতদূর সম্ভব গ্রাহকের জন্য একটি নির্ভরযোগ্য , যুক্তিসঙ্গত আধুনিকমানের সেবা নিশ্চিত করা। অফিসের কর্মপরিবেশ উন্নত করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন করা হয়েছে। কর্মচারীদের ইন্টারনেট ব্যবহারের সুবিধার্থে অফিসের ভিতরে ওয়াইফাই ডরঞ্চার সুবিধা নিশ্চিত করা হয়েছে। দক্ষতা ও মানোন্নয়নের জন্য ২০১৭-১৮ অর্থ-বছরে অধিদপ্তরের ননটেকনিক্যাল কর্মকর্তা/কর্মচারীগণকে পর্যায়ক্রমে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অধিদপ্তরের মূল Web Domain এ Web Mail সংযুক্তি করা হয়েছে ২০১৭-১৮ অর্থ বছরের কার্যাবলি নিম্নে উল্লেখ করা হলোঃ

- ১। বিভিন্ন সরকারি , আধা সরকারি ও স্বায়ত্তশাসিত অফিসের Job Work (টিকা কাজ) ;
- ২। সকল শিক্ষাবোর্ড , প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, পাবলিক বিশ্ববিদ্যালয় ও সরকারি কর্ম কমিশনের প্রশ্নপত্র মুদ্রণ ;
- ৩। জাতীয় সংসদের সংসদ বিতর্কসহ সকল মুদ্রণ ;
- ৪। মহামান্য হাইকোর্ট বিভাগের দৈনিক মামলার কার্যতালিকা (কজলিস্ট) ও ডেথ রেফারেন্স মুদ্রণ ;
- ৫। নির্বাচন কমিশন সচিবালয়ের ব্যালট পেপারসহ যাবতীয় মুদ্রণ কাজ ;
- ৬। বিভিন্ন সরকারি , আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বিভিন্ন প্রকার সিকিউরিটি এবং নন সিকিউরিটি ডকুমেন্টস মুদ্রণ ;
- ৭। বিভিন্ন ব্যাংকসমূহের চেক মুদ্রণ ;
- ৮। বিভিন্ন শিক্ষাবোর্ড , বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট, মার্কসিট ও অন্যান্য নিরাপত্তামূলক ডকুমেন্টস মুদ্রণ ;
- ৯। সরকারি হাসপাতালসমূহের টিকিট এবং প্রব্রতন্ত্র অধিদপ্তরের বিভিন্ন মূল্যমানের প্রবেশ টিকিট মুদ্রণ ;
- ১০। সাপ্তাহিক ও অতিরিক্ত সংখ্যা গেজেট মুদ্রণের ব্যবস্থা ও বিতরণ নিশ্চিতকরণ ;
- ১১। ক্যালেন্ডার ও ডায়েরি প্রকাশনা সংক্রান্ত সকল কার্যক্রম গ্রহণ ;
- ১২। মহামান্য রাষ্ট্রপতি , মাননীয় প্রধানমন্ত্রী, বিভিন্ন মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, নিম্ন আদালত, বিভিন্ন সরকারি আধা সরকারি ও স্বায়ত্তশাসিত অফিসে/কার্যালয়ে সকল প্রকার মুদ্রণ কাজ সম্পন্নকরণ ;
- ১৩। সরকারের সকল স্ট্যান্ডার্ড ও নন-স্ট্যান্ডার্ড ফরমসহ সকল প্রকার মুদ্রণ কাজ সম্পাদন ও বিতরণ ;
- ১৪। সকল সরকারি অফিস-আদালতে স্টেশনারী মালামাল যথাসময়ে সরবরাহকরণ।

২০১৭-১৮ অর্থ-বছরের গৃহীতব্য কর্মপরিকল্পনা

বিদ্যমান অবকাঠামোর মানোন্নয়ন , প্রেসসমূহ যুগোপযোগী ও আধুনিকায়নে পর্যাপ্ত অর্থ বরাদ্দ প্রাপ্তি , আইসিটি সেল শক্তিশালীকরণ, ই-ফাইলিং ও ই-টেন্ডার চালুকরণ এবং কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ , এসব ব্যবস্থাকরণ একটি চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। সমসাময়িক ও প্রতিযোগিতামূলক বিশ্বের সাথে তালমিলিয়ে অধিদপ্তরের অবস্থানকে দৃঢ়করণের লক্ষ্যে ২০১৬-১৭ অর্থ-বছরের গৃহীতব্য কর্মপরিকল্পনাসমূহঃ

- ১। প্রেসসমূহের আধুনিকীকরণ ও পর্যাপ্ত জনবল নিশ্চিতকল্পে শূন্যপদসমূহ পূরণ ;
- ২। অফিস অটোমেশন সিস্টেম চালুকরণ ;
- ৩। দ্রুততম সময়ে গেজেট মুদ্রণ ও হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশ ;
- ৪। আইসিটি সেলের সক্ষমতা বৃদ্ধিকরণ ;
- ৬। ই-ফাইলিং ব্যবস্থা চালুকরণ ;
- ৭। ই-টেন্ডার কার্যক্রম চালুকরণ ;
- ৮। নতুন আধুনিক ডিজিটাল মুদ্রণ মেশিন ক্রয় ;
- ৯। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঠিক বাস্তবায়ন ;
- ১০। অধিদপ্তরের মূল অফিস বিল্ডিং সম্প্রসারণ ;
- ১১। ইউনিট অফিস/প্রেসের টেকনিক্যাল/ননটেকনিক্যাল কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৬০ ঘণ্টা প্রশিক্ষণ ;
- ১২। ময়মনসিংহ বিভাগে নতুন আঞ্চলিক অফিস সৃষ্টিকরণ ।

ভবিষ্যৎ পরিকল্পনা ও কার্যক্রমের বিবরণ

উন্নত মুদ্রণ ও প্রকাশনা তৈরীতে গৃহীত ভবিষ্যৎ পরিকল্পনা ও কার্যক্রম নিম্নে দেয়া হলোঃ

- ১। প্রেসসমূহের জন্য ইনক্রিপটেড অটোমেটেড মেশিন এবং ডিজিটাল অফসেট মেশিন ক্রয় ;
- ২। অধিদপ্তরাধীন ৭টি আঞ্চলিক অফিসের জন্য নিজস্ব ভবন নির্মাণ ;
- ৩। কারিগরি ও অকারিগরি কর্মচারীদের যাতায়াতের সুবিধার্থে দুটি স্টাফবাস ক্রয় ;
- ৪। প্রধান কার্যালয়সহ অফিস/প্রেসসমূহের আবাসিক ভবন নির্মাণ ;
- ৫। পেপার টেস্টিং ল্যাব প্রতিষ্ঠা করা ;
- ৬। দেশে ও দেশের বাহিরে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান ;
- ৭। অফিস সম্প্রসারণ ;
- ৮। ইন্টারনেট ব্যান্ডউইথ বৃদ্ধি ;
- ৯। মালামাল গ্রহণ ও বিতরণের হিসাব অটোমেশন সিস্টেমে চালু করা ।

জনবলের বিবরণ :- (২০১৭-২০১৮)

বিবরণ	১ম শ্রেণী	২য় শ্রেণী	৩য় শ্রেণী	৪র্থ শ্রেণী	মোট	মন্তব্য
অনুমোদিত পদ	০৯	০২	৪৮	১৬	৭৫	২৬-১১-২০১৮ তারিখ পর্যন্ত হিসাব অনুযায়ী
কর্মরত	০৪	০২	২৮	০৪	৩৮	
শূন্যপদ	০৫	০০	২০	১২	৩৭	

২০১৭-১৮ অফিস/প্রেসের বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয়

অফিসের নাম	২০১৭-১৮ অর্থ বছরে সংশোধিত বাজেট বরাদ্দ	২০১৭-১৮ অর্থ বছরে প্রকৃত ব্যয়
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর	৫,৬২,৫৫,০০০/-	৩,৬৮,৮৪,০০০/-

২০১৭-১৮ অর্থ-বছরের অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণী

অংকসমূহ হাজার টাকায়

অফিস/প্রেসের নাম	১৯৭২ সাল থেকে মোট অডিট আপত্তির সংখ্যা	জড়িত টাকার পরিমাণ	মোট নিষ্পত্তির সংখ্যা	নিষ্পত্তিকৃত অর্থের পরিমাণ	বর্তমানে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা	বর্তমানে আপত্তিকৃত অর্থের পরিমাণ
প্রধান কার্যালয়	২৩৪টি	৬০,৩৯,১১	৫০টি	২০,১৪,৪৮	১৮৪টি	৪০,২৪,৬৩
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়	৫৬৫টি	১৬০,৯৯,৮৫	৬১টি	১,৬৭,৬০	৫০৪টি	১৫৯,৩২,২৪
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস	৪৭৬টি	১০৬,৫৮,২১	২৪২টি	৩৯,৯২,১১	২৩৪টি	৬৯,৬৬,১০
বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়	২৭৬টি	২৯৯,৫৪,৫৭	১৭৪টি	২৭১,৫৯,৫৯	১০২টি	২৭,৯৪,৯৮
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস	৩০২টি	১০,২৫,৯৪	২৬০টি	৭,৮৫,৪১	৪২টি	২,৪০,৫৩
বাংলাদেশ স্টেশনারী অফিস	৪৬৪টি	১২৪,২৫,৭৩	২৯৯টি	৭৫,০৩,৩২	১৬৫টি	৪৯,২২,৪১
সর্বমোট	২৩১৭টি	৭৬২,০৩,৪১	১০৮৬টি	৪১৬,২২,৫১	১২৩১টি	৩৪৮,৮০,৮৯

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয়

অফিস পরিচালনার জন্য বাজেট বরাদ্দ অর্থের পরিমাণের উপর কাজের অগ্রগতি ও উন্নতি পরিলক্ষিত হয়। চাহিদা নিরূপণ করা একটি চ্যালেঞ্জিং কাজ হলেও তা সুষ্ঠুভাবে প্রণয়ন করা সম্ভব হয়েছে।

২০১৭-১৮ অর্থ-বছরের বাজেট বরাদ্দ ও খরচের বিবরণ (অংকসমূহ হাজার টাকায়)

অফিসের নাম	সংশোধিত বাজেট বরাদ্দ	প্রকৃত ব্যয়
প্রধান কার্যালয়	৫,৬২,৫৫	৩,৬৮,৮৪
বিজি প্রেস	৮৪,৫০,৭৪	৭৮,৭৬,২৫
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস	৪১,৮৮,৮৫	৩৬,১৭,০৭
বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়	২৬,৩৩,০৪	১৭,০৬,৪৭
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস	৩,৮৩,৮০	৩,৪১,৫৬
বাংলাদেশ স্টেশনারী অফিস	৪,২৪,৩৩	৩,২৩,৩১
স্টেশনারী স্টোর	৫১,৪৫,০০	৪৫,৩৫,৯৯
ঢাকা আঞ্চলিক অফিস	১,১১,৪৭	২৪,১২
চট্টগ্রাম আঞ্চলিক অফিস	৫২,১৫	৩৯,৫৩
খুলনা আঞ্চলিক অফিস	৮৭,৬৮	৫৬,১৮
বগুড়া আঞ্চলিক অফিস	৬০,৯৯	৪৩,৯৬
রংপুর আঞ্চলিক অফিস	৪৬,৪৫	৩৫,১৩
সিলেট আঞ্চলিক অফিস	৪৪,৮০	২৪,৮২
বরিশাল আঞ্চলিক অফিস	৪৫,৪৫	৩৪,৩৩
মোট =	২০২,৮১,৪০	১৭৪,৮৫,৩৯

২০১৭-১৮ অর্থ বছরের রাজস্ব সংগ্রহ ও আয়ের বিবরণ

অফিসের নাম	২০১৭-১৮ অর্থ বছরে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা	২০১৭-১৮ অর্থ বছরে আয়
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর	৪,৩৩,০০০/-	২,৯১,০০০/-

অধিদপ্তরের রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা ও আয়

মুদ্রণ ও প্রকাশনার মানোন্নয়ন এ অধিদপ্তরের প্রধান লক্ষ্য | এ অধিদপ্তর মুদ্রণ ও প্রকাশনা এবং স্টেশনারী সরবরাহ করার পাশাপাশি রাজস্ব আয় বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। নিম্নে সারণীতে এ অধিদপ্তরের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা অর্জন ও রাজস্ব ব্যয়ের তুলনামূলক বিবরণী তুলে ধরা হলো।

২০১৭-১৮ অর্থ-বছরের রাজস্ব সংগ্রহ ও আয়ের বিবরণ (অংকসমূহ হাজার টাকায়)

অফিসের নাম	রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা	আয়
প্রধান কার্যালয়	৪,৩৩	২,৯১
বিজি প্রেস	২৭,০০,৫৯	২৯,৫৬,৮৯
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস	৫,১৩	২,২১
বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়	১০,১৭	৭,৫০
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস	১,২২,১৩	১,৩৭,৮১
বাংলাদেশ স্টেশনারী অফিস	১৬,১৪,২২	৬,৩৬,৬১
ঢাকা আঞ্চলিক অফিস	৯৩,৭১	২৭,৫৪
চট্টগ্রাম আঞ্চলিক অফিস	৯৩,৭১	২৮,২৪
খুলনা আঞ্চলিক অফিস	৯৩,৭১	১১,০৭
বগুড়া আঞ্চলিক অফিস	৮৭,৬৯	১২,৯১
রংপুর আঞ্চলিক অফিস	৮৫,৩৩	৭,০৭
সিলেট আঞ্চলিক অফিস		
বরিশাল আঞ্চলিক অফিস	৯২,৭৮	৪,৯৮
মোট=	৩১,৯৯৮০	৩৭,২১৩০

বহি মুদ্রণের অনাপত্তির ছাড়পত্র প্রদান (NOC)

